গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং-শিম/প্রশাঃ/৩-৯/২০০৭/৬৫৭ তারিখ ঃ ২৪ চৈত্র ১৪১৪ / ০৭ এপ্রিল ২০০৮

নিয়োগ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের নিম্নলিখিত অস্থায়ী শূন্য পদসমূহ পূরণের জন্য বিধি মোতাবেক প্রাপ্য ভাতাদিসহ উল্লিখিত বেতনক্রমে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে বাংলায় আবেদনপত্র আহবান করা যাচ্ছে ঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতনক্রম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১)	সাঁট-মুদ্রাক্ষরিক ৳ ৩৩০০-৬৯৪০/-	০৭ (সাত) টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী পরীক্ষায় উত্তীর্ণসহ বাংলা ও ইংরেজি মুদ্রাক্ষরে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ সর্বনিম্ন গতি সম্পন্ন, বাংলা ও ইংরেজি সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ সর্বনিম্ন গতি সম্পন্ন এবং কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে ।
২)	ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ৳ ৩০০০-৫৯২০/- ৳ ৩৩০০-৬৯৪০/- (বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর)	০২ (দুই) টি	ক) এইচ.এস.সি পাশ, বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার । খ) অবশ্যই স্ট্যান্ডার্ড এ্যাপ্টিচ্যুড টেস্টে উত্তীর্ণ হতে হবে ।

শর্তাবলী ঃ

১) প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত যথা ঃ নাম, পিতার/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, পত্র যোগাযোগ ঠিকানা, টেলিফোন নম্বর/ই-মেইল ঠিকানা (যদি থাকে), জন্ম তারিখ, বয়স (০১ এপ্রিল তারিখে), নিজ জেলা, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক আবেদন করতে হবে ।

২) আবেদন পত্রের সঙ্গে শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি, প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর সভার চেয়ারম্যান/সিটি করপোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্বের সনদপত্র এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে ।

৩) প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধিতে বর্ণিত সকল ধরণের কোটা নীতি অনুসরণ করা হবে ।

৪) মুক্তিযোদ্ধার সন্তান, মহিলা, এতিম, প্রতিবন্ধী এবং উপজাতি প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেটসহ আবেদন পত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে ।

৫) উভয় পদের প্রার্থীগণকে কম্পিউটারে ওয়ার্ড প্রোসেসিংসহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার পরিচালনার দক্ষতাকে গুরুত্ব দেয়া হবে।

৬) উভয় পদে ঢাকা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, ফরিদপুর, কিশোরগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া, নোয়াখালী, রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, রাজশাহী, সিরাজগঞ্জ, খুলনা, বাগেরহাট, যশোর, বরিশাল, ভোলা, ঝালকাঠী, লক্ষ্মীপুর, মাগুরা, ময়মনসিংহ, পিরোজপুর, কুমিল্লা, বগুড়া ও পটুয়াখালী জেলার জেলা কোটা পূর্ণ আছে। এ সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে দেশের সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

চলমান পাতা - ২

৭) প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয় । আবেদনকারীর বয়স ০১ এপ্রিল ২০০৮ তারিখে ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের সর্বোচ্চ বয়স ৩২ বছরের অধিক হবে না। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

৮) পরীক্ষার ফি বাবদ নিম্নোক্ত কোডে ট্রেজারি চালানের মাধ্যমে ৳ ২০০.০০ (দুইশত টাকা মাত্র) জমা দিয়ে চালানের মূল কপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে ঃ

কোড নং - | ১ | | ২ | ৫ | ০ | ১ | | ০ | ০ | ০ | ১ | | ২ | ৬ | ৮ | ১ |

৯) অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ এবং সংশ্লিষ্ট কাগজপত্র নামযুক্ত সীল বিহীনভাবে সত্যায়িত হলে তা বাতিল বলে গণ্য হবে।

১০) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১) আবেদন পত্র প্রেরণের খামের উপর ডান পার্শ্বে পদের নাম, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদন পত্রের সাথে প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখ পূর্বক ৪.০০ (চার) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেট যুক্ত ৯.৫× ৪.৫ ইঞ্চি বিশিষ্ট একটি খাম সংযুক্ত করতে হবে ।

১২) আগামী ২৪ এপ্রিল ২০০৮ তারিখ অফিস সময়ের মধ্যে আবেদনপত্র অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট (ভবন নং - ৬, কক্ষ নং - ১৮০৮) ডাকযোগে পৌঁছাতে হবে। কুরিয়ার সার্ভিস যোগে প্রেরিত ও সরাসরি/হাতেহাতে কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। কেহ প্রকৃত তথ্য গোপন করে চাকুরী গ্রহণ করলে তার নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩) লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না ।

১৪) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে ।

১৫) সাঁট-মুদ্রাক্ষরিক পদ 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬' এবং ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর পদ 'The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985' এর আলোকে পূরণ করা হবে।

১৬) সম্পূর্ণরূপে যোগ্যতা ও মেধার ভিত্তিতে স্বচ্ছতার মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ করা হবে। যে কোন প্রকার তদবীর বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে। এমনকি কোন দরখাস্তে কোনরূপ সুপারিশ উল্লেখ থাকলে উক্ত দরখাস্তও বাতিল করা হবে।

১৭) নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

০৭/০৪/০৮

(মোঃ জহুরুল হক)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোনঃ ৭১৬১১৩০।